আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে শোক দিবস পালন

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে দিনব্যাপী বিভিন্ন কর্মসূচির মধ্যদিয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন করছে।

গতকাল মঙ্গলবার সকালে উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স প্রাঙ্গণে শেখ মুজিবুর রহমানের ম্যুরালে ফুল দিয়ে শ্রদ্ধা জানান আলমডাঙ্গা উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন ও উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) স্নিগ্ধা দাসসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তারা। একপর্যায়ে উপজেলা প্রশাসনের উদ্যোগে মুক্তিযোদ্ধা কমপ্লেক্স হলরুমে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এছাড়াও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জীবন ও কীতির উপর আলোচনা সভা এবং বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

অনুষ্ঠানে নির্বাহী অফিসার ইউএনও স্নিগ্ধা দাসের সভাপতিত্ব আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন।

এতে বক্তব্য দেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ, উপজেলা ভাইস চেয়ারম্যান সালমুন আহম্মেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজি মারজাহান নিতু, থানার পরিদর্শক (ওসি) বিপ্লব কুমার নাথ, বীরমুক্তিযোদ্ধা মইনুদ্দিন পারভেজ, সমাজ সেবা কর্মকর্তা নাজমুল হুসাইন, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সোহেল রানা।

আলমডাঙ্গার মুন্সীগঞ্জে

ট্যাপেন্টাডল ট্যাবলেট সহ যুবক আটক

আলমডাঙ্গার মুন্সীগঞ্জে ৫০ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট সহ এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ। আজ শুক্রবার সন্ধ্যায় মুন্সিগঞ্জ ফাঁড়ি পুলিশ গড়চাপড়া গ্রামে অভিযান চালিয়ে তাকে আটক করে।

আটকৃত মাদক ব্যবসায়ী হলেন- জেহালা ইউনিয়নের গড়চাপড়া গ্রামের আব্দুল মজিদের ছেলে দুদু (১৯)।

পুলিশ জানায়, উপজলার জেহালা ইউনিয়নের গড়চাপড়া গ্রামের দুদু নামের এক যুবক দীর্ঘদিন মাদকদ্রব্য ট্যাপেন্টাডল ট্যাবলেট বিক্রি করছে। এমন গোপন তথ্যের ভিত্তিতে মুন্সিগঞ্জ ফাঁড়িপুলিশের আইসি উপ-পরিদর্শক (এসআই) ইউসুফ সঙ্গীয় ফোর্স মাদকবিরোধী অভিযান পরিচালনা করেন।

এসময় মুন্সিগঞ্জ অঘোরনাথ মোড়ের ওয়াপদা নিকট থেকে গড়চাপড়া গ্রামের দুদুকে আটক করে পুলিশ। তার শরীর তল্লাশী করে ৫০ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট জব্দ করে। শুক্রবার রাতেই তার বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা করেছে পুলিশ। আজ শনিবার সংশ্লিষ্ট মামলায় কোর্টের মাধ্যমে জেল হাজতে পাঠাবে পুলিশ।

আলমডাঙ্গায় ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ যুবক গ্রেপ্তার

আলমডাঙ্গা পৌরশহরের রেল স্টেশনের নিকট থেকে ৬০ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট দুইজন মাদক ব্যবসায়ীকে গ্রেপ্তার করেছে পুলিশ। গতকাল বৃহস্পতিবার সন্ধ্যা ৬ টার দিকে থানাপুলিশ অভিযান চালিয়ে তাদের আটক করে।

আটকৃতরা হলেন, পৌর এলাকার বাবুপাড়ার মৃত আকমল হোসেনের ছেলে সাদ্দাম হোসেন (২৩), স্টেশন পাড়ার রেজাউল ইসলামের ছেলে রুবেল

হোসেন (২৭)। আটকৃতদের আজ শুক্রবার কোর্টের মাধ্যমে জেল হাজতে পাঠানো হবে।

পুলিশ সূত্রে জানাযায়, উপজেলার পৌর এলাকার রেল স্টেশন নিকট দুজন যুবক মাদক ব্যবসার উদ্দেশ্যে অবস্থান করছে। এমন সংবাদের ভিত্তিতে থানাপুলিশ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন। এসময় সাদ্দাম ও রুবেল নামের দু’যুবককে গ্রেপ্তার করে। তাদের শরীর তল্লাশী করে পুলিশ ৬০ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট জব্দ করে। তাদের বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে আলমডাঙ্গা থানায় মামলা হয়েছে।

আলমডাঙ্গার দুটি চালের দোকানে ভ্রাম্যমান আদালতের জরিমানা

আলমডাঙ্গায় ভ্রাম্যমাণ আদালত দুটি চালের দোকানে অভিযান চালিয়ে ৬ হাজার টাকা জরিমানা করেছে। চালের বস্তায় পাটজাত মোড়ক বস্তা ব্যবহার না করার পরিবর্তে প্লাস্টিক ব্যবহার করার দায়ে ওই দুই ব্যবসায় প্রতিষ্ঠানে এ ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়।

বৃহস্পতিবার দুপুরে উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

জানা গেছে,পণ্যে পাটজাত মোড়ক ব্যবহার বাধ্যতামূলক আইন থাকলেও আলমডাঙ্গার বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানে তা করা হয়না, এমন অভিযোগে নির্বাহী ম্যাজিস্ট্রেট উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে আলমডাঙ্গা বাজারের দুই চাল ব্যবসায়ীর প্রতিষ্ঠানে অভিযান চালানো হয়। আলিফ উদ্দিন মোড়ের মেসার্স জিকে ট্রেডার্সের মালিক বাবুকে চালের বস্তায় পাটজাত দ্রব্যে ব্যবহার না করায় ৪ হাজার টাকা ও চাল বাজারের মেসার্স আজিবার রহমান ট্রেডূাসের মালিক আশরাফুল হক মুক্তারকে ২ হাজার টাকা জরিমানা করা হয়।

এ সময় সকল দোকানদার ও ব্যবসায়ীদের পণ্যে বাধ্যতামূলক পাটের মোড়ক(বস্তা) ব্যবহারে সতর্ক করা হয়।

অভিযানকালে চুয়াডাঙ্গা জেলা পাট অধিদপ্তরের পরির্দশক আসাদুজ্জামান ও আলমডাঙ্গা থানার এসআই তরিকুল ইসলাম সঙ্গীয় ফোর্স নিয়ে উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় মাদক মামলায় দুজনের যাবজ্জীবন কারাদণ্ড

আলমডাঙ্গায় ৪০ পিচ প্যাথেডিন জব্দকৃত মামলায় দুজনকে যাবজ্জীবন (সশ্রম) কারাদণ্ড দিয়েছেন আদালত। এছাড়া ১০ হাজার টাকা জরিমানা ও অনাদায়ে আরও তিন মাসের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে।

আজ বুধবার দুপুরে একজন আসামির উপস্থিতিতে চুয়াডাঙ্গার অতিরিক্ত জেলা ও দায়রা জজ (২য়) আদালতের বিচারক মাসুদ আলী এ রায় ঘোষণা করেন। অপর এক আসামী পলাতক রয়েছে।

দণ্ডপ্রাপ্ত আসামীরা হলেন, চুয়াডাঙ্গা আলমডাঙ্গা উপজেলার চিৎলা ইউনিয়নের ভালাইপুর গ্রামের মৃত. আজিত মণ্ডলের ছেলে আয়ুব আলী (৪৯) এবং একই গ্রামের সিদ্দিক আলীর ছেলে ওহিদুল ইসলাম (৩৯)। এরমধ্যে ওহিদুল ইসলাম পলাতক রয়েছেন।

মামলার এজাহার সুত্রে জানা যায়, ২০১১ সালের ৩০ অক্টোবর তৎকালীন আলমডাঙ্গা থানার উপ-পরিদর্শক (এসআই) শরিফুল ইসলাম সঙ্গীয় সোর্স নিয়ে মাদকবিরোধী অভিযান পরিচালনা করেন। অভিযানকালে ভালাইপুর মোড়ের বাসস্ট্যান্ডের নিকট থেকে সন্দেহভাজন হিসেবে আয়ুব আলী ও ওহিদুল ইসলামকে আটক করে। এসময় তাদের শরীর তল্লাশী করে আয়ুব আলীর কোমর থেকে ১৯ টি এবং ওহিদুল ইসলামের কোমর থেকে ২১টি প্যাথেডিন/এম্পুল জব্দ করা হয়। ওইদিনই এসআই শরিফুল ইসলাম বাদি হয়ে আলমডাঙ্গা থানায় দুজনের নামে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দায়ের করেন।

চুয়াডাঙ্গার অতিরিক্ত দায়রা জজ আদালতের সহকারী পাবলিক প্রসিকিউটর (এপিপি) অ্যাডভোকেট গিয়াস উদ্দিন বলেন, দীর্ঘ ১২ বছর শুনানীর পর আসামী আয়ুব আলীর উপস্থিতিতে ১০ জনের সাক্ষীর সাক্ষ্য প্রমাণের

ভিত্তিতে আদালত দুজনকেই যাবজ্জীবন কারাদণ্ড নগত ১০ হাজার টাকা জরিমানা ও অনাদায়ে তিন মাসের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন। অপর আসামী ওহিদুল ইসলাম পলাতক রয়েছেন। ওহিদুল যেদিন গ্রেপ্তার হবে সেদিন থেকে এ রায় কার্যকর হবে।

আলমডাঙ্গায় ৪৫ পিস ইয়াবাসহ গ্রেপ্তার ১

আলমডাঙ্গা উপজেলার ওসমানপুরে ৪৫ পিস ইয়াবাসহ ব্যবসায়ীকে গ্রেপ্তার করেছে পুলিশ। বুধবার বিকেল সাড়ে ৪ টায় পারকুলার আনন্দ বাজার থেকে তাকে গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তারকৃত আসামী হলেন- হারদী ইউনিয়নের ওসমানপুর গ্রামের লাল চাঁদের ছেলে লাভলু হোসেন (৩৩)।

জানাগেছে, উপজেলার হারদি ইউনিয়নের ওসমানপুর গ্রামের লাভলু হোসেন দীর্ঘদিন গোপনে মাদকদ্রব্য ইয়াবার ব্যবসা করছে। সে নিজ গ্রামসহ বিভিন্ন এলাকায় মাদক ব্যবসা পরিচালনা করে। গতকাল বুধবার বিকেলে কালিদাসপুর ইউনিয়নের পারকুলা আনন্দ বাজার প্রাঙ্গণে মাদক বিক্রয় করছে। এমন সংবাদের ভিত্তিতে থানাপুলিশ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযান পরিচালনা করেন।

আনন্দবাজার বাজার প্রাঙ্গণ থেকে লাভলুকে আটক করে পুলিশ। তার শরীর তল্লাশী করে ৪৫ পিস ইয়াবা উদ্ধার করে। গ্রেপ্তারকৃত লাভলুর বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করেছে পুলিশ।

আলমডাঙ্গায় বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিবের জন্মদিন পালন

আলমডাঙ্গায় নানা আয়োজনে বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিবের ৯৩ তম জন্মদিন পালন করা হয়েছে।

দিনটি উপলক্ষে সকাল ৯টায় উপজেলা পরিষদ চত্তরে বঙ্গমাতার প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ, দোয়া মাহফিল, আলোচনা সভা ও সেলাই মেশিন বিতরণ করা হয়।

সর্বপ্রথম বঙ্গমাতার প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ উপজেলা পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন ও উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস, উপজেলা ভাইস চেয়ারম্যান অ্যাড. সালমুন আহম্মেদ ডন, সহকারি কমিশনার ভূমি রেজওয়ানা নাহিদ। এর পর আলমডাঙ্গা থানা পুলিশের পক্ষ থেকে অফিসার ইনচার্জ বিপ্লব কুমার নাথ, পুলিশ পরিদর্শক তদন্ত একরামুল হোসাইন ও পুলিশ পরিদর্শক অপারেশন শেখ ফরিদ।

উপজেলা প্রশাসনের সরকারি দপ্তরের মধ্যে প্রাণী সম্পদ অধিদপ্তর, কৃষি অধিদপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর, উপজেলা শিক্ষা অফিস, মাধ্যমিক শিক্ষা অফিস, আলমডাঙ্গা সরকারি কলেজ, মহিলা ডিগ্রী কলেজ, পাইলট সরকারি মাধ্যমিক বিদ্যালয়, পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়, তথ্য অফিস, ওজোপাডিকো, পল্লী বিদ্যুৎসহ বিভিন্ন সামাজিক পুষ্পমাল্য অর্পণ করে। এরপর বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিবের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত ও প্রার্থনা করা হয়।

আলোচনা সভায় উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাসের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন। বিশেষ অতিথি ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান অ্যাড. সালমুন আহম্মেদ ডন, সহকারি কশিনার ভূমি রেজওয়ানা নাহিদ, আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার নাথ, প্রাণী সম্পদ কর্তকর্তা ডা. আব্দুল্লাহিল কাফি, কৃষি অফিসার রেহানা পারভীন, ৭০“র অগ্নিসেনা বীরমুক্তিযোদ্ধা মঈদ উদ্দিন পারভেজ।

কলেজিয়েট স্কুলের উপাধ্যক্ষ শামীম রেজার উপস্থাপনায় উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারন কর্মকর্তা সোহেল রানা, উপজেলা জেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা, মাধ্যমিক শিক্ষা অফিসার জিয়াউল হক, উপজেলা প্রকৌশলী আরিফুদ্দৌলা, উপজেলা রিসোর্চ ইন্সটেক্টর জামাল হোসেন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক, জনস্বাস্থ্য সহকারি হাসিবুজ্জামান, খাদ্য পরিদর্শক(ওসিএলএসডি) লিটন কুমার বিশ্বাস, মহিলা বিষয়ক কর্মকর্তা মাখছুরা জান্নাত, তথ্য কর্মকর্তা স্নিগ্ধা দাস, পাইলট বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান, উপসহকারি মেডিকেল অফিসার ডা. মঞ্জুরুল হক বেলু, আলমডাঙ্গা ওজোপাডিকোর আবাসিক প্রকৌশলী শাহিনুর রহমান, উপসহকারি প্রকৌশলী রোকন উদ্দিন, আবু তৈয়ব, লাইনম্যান মাহমুব আলম, মেহেরপুর পল্লীবিদ্যুৎ সমিতির আলমডাঙ্গা জোনাল অফিসের ডিজিএম আবু হাসান, পিইউসি শাহাদৎ হোসেন,ইসি মশিউর রহমান প্রমুখ। আলোচনা সভা শেষে বঙ্গমাতার জন্মদিন উপলক্ষে সেলাই মেশিন বিতরণ করা হয়।

আলমডাঙ্গার হাউসপুর থেকে চোরাই মালামালসহ ৩জন আটক

আলমডাঙ্গার হাউসপুর এলাকা থেকে চোরাই মালামালসহ ৩ জনকে আটক করেছে পুলিশ। এসময় তাদের নিকট থেকে উদ্ধার করা হয়েছে একটি কংক্রিট ভাইব্রেটিং মেশিন ও পাখি ভ্যানের ব্যাটারি। সোমবার দুপুরে তাদের আটক করা হয়।

আটক ব্যক্তিরা হলো উপজেলার বেলগাছি ইউনিয়নের ফরিদপুর দোয়ারপাড়া গ্রামের কুদ্দুস মোল্লার ছেলে মামুন আলী ওরফে পারুল(২৯), মুন্সিগঞ্জ রেললাইনের ঢালের নবী শেখের ছেলে সবুজ শেখ(২৩) ও হাউসপুর হঠাৎপাড়ার বজলুর রহমানের ছেলে ভাংড়ী ব্যবসায়ী রাসেল উদ্দিন (৪২)।

পুলিশ সুত্রে জানা গেছে আটক সবুজ শেখ ও মামুন আলী ওরফে পার্লু এলাকার চিহ্নিত চোর। তারা এলাকার গভীর রাতে প্রাচীর টপকিয়ে

মানুষের বাড়িতে প্রবেশ করে সাইকেল, পানি উঠানো মোটর(পাম্ব), পাখিভ্যানের ব্যাটারিসহ বিভিন্ন প্রয়োজনীয় দামী জিনিস চুরি করে আসছিল। চোরাই এসব মালামাল তারা হাউসপুর হঠাৎপাড়ার ভাংড়ী ব্যবসায়ী রাসেল আলীর নিকট বিক্রয় করতো। গত ৪ আগস্ট দিনগত রাতে আলমডাঙ্গা পৌর এলাকার ওয়াপদা কলোনী থেকে বিশিষ্ট ঠিকাদার ব্যবসায়ী পৌর কাউন্সিলর আলাল উদ্দিন ও তার বড় ভাইয়ের ঠিকাদারী মালামালের গোডাউন থেকে একটি কংক্রিট ভাইব্রেটিং মেশিন চুরি করে মামুন ওরফে পারুল।

সোমবার দুপুরে থানার এসআই তারিফুজ্জামান ও এএসআই রওশন অভিযান চালিয়ে চোরাই মালামালসহ মামুন, সবুজ শেখ ও রাসেলকে আটক করে। তাদের বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় মামলা হয়েছে।

আলমডাঙ্গার ১১ টি ইউনিয়ন ভূমি অফিসে মিলবে সুপেয় পানি

আলমডাঙ্গা উপজেলার ১১ টি ইউনিয়ন ভূমি অফিসে সুপেয় পানির ফিল্টার বিতরণ করা হয়েছে। সোমবার দুপুরে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ এ পানির ফিল্টার বিতরণ করেন। এমন উদ্যোগে আনন্দিত বিভিন্ন ইউনিয়নের ভূমি কর্মকর্তা ও সহকারীরা।

জানা গেছে, সবার জন্য নিরাপদ ও সুপেয় খাবার পানি নিশ্চিত করার লক্ষে উপজেলা সহকারী কমিশার (ভূমি) রেজওয়ানা নাহিদের উদ্যোগে উপজেলার ১১টি ইউনিয়ন ভূমি অফিসে ওয়াটার ফিল্টার স্থাপন করা হয়। এতে বিভিন্ন ইউনিয়নে ভূমি সুবিধা নিতে সাধারণ মানুষ সুপেয় পানির তৃষ্না মিটবে সহজেই। এ সকল ওয়াটার ফিল্টার থেকে শতভাগ পানিই নিরাপদ। পানি পান করার জন্য রাখা হয়েছে অনটাইম গ্লাস।

কালিদাসপুর ভূমি অফিসে সেবা নিতে আসা আজিবর রহমান বলেন, ‘এখানে খাবার পানির ব্যবস্থা করায় অনেক সুবিধা হয়েছে।’
আলমডাঙ্গা সরকারি কলেজের সমাজ বিজ্ঞান বিভাগের প্রভাষক শেখ শফিউজ্জামান বলেন, ‘সামাজিক উন্নয়নের চিত্র এমন কাজেই বহিঃপ্রকাশ পাই। ভূমি সেবার পাশাপাশি সুপেয় পানির সরবরাহ সময়োপযোগী

সিদ্ধান্ত।’

উপজেলা সরকারি কমিশনার ভূমি রেজওয়ানা নাহিদ বলেন, ‘জনস্বার্থে নিরাপদ খাবার পানি পান নিশ্চিত করতে উপজেলার ১১টি ইউনিয়ন ভূমি অফিসে ওয়াটার ফিল্টার চালু করা হয়েছে।’

আলমডাঙ্গার বিভিন্ন ওয়ার্ড আওয়ামীলীগের নেতৃবৃন্দের সাথে চেয়ারম্যানের মতবিনিময়

আলমডাঙ্গা উপজেলার জামজামি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নজরুল ইসলামের সাথে বিভিন্ন ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি ও সাধারণ সম্পাদকের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার বিকেল সাড়ে ৪ টায় ইউনিয়ন পরিষদ কার্যালয়ে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় চেয়ারম্যান নজরুল ইসলাম বলেন, সবাইকে ঐক্যবদ্ধভাবে দলের জন্য কাজ করতে হবে। আমাদদের নিজেদের মধ্যে কোন ভুল বোঝাবুঝি থাকলে তা নিরসন করে সবাই এক সাথে কাজ করার মানসিকতা তৈরী করতে হবে। আগামী দিন আবারও নৌকাকে বিজয়ী করে জননেত্রী শেখ হাসিনাকে ক্ষমতায় আনতে হবে।

মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন জামজামি ইউনিয়ন, আওয়ামীলীগ নেতা রিপন শাহ, ১ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি আলি আকবার কয়েল ও সাধারণ সম্পাদক ইছাহক আলি, ২ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি মিজানুর রহমান ও সাধারণ সম্পাদক রইচ মোল্লা, ৩ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি ইজাল উদ্দিন, সাধারণ সম্পাদক মতিয়ার রহমান, ৪ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি হামেদ আলি, ৫ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান, ৭ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি মাসুদ হোসেন, সাধারণ সম্পাদক রিয়াজুল হক, ৮ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি আরোজ আলি ও সাধারণ সম্পাদক নুর ইসলাম, ৯ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি লাল্টু রহমান ও সাধারণ সম্পাদক আতিয়ার রহমান প্রমুখ।